

# MALDA COLLEGE

*Learn Together Grow Together*



প্রসপেক্টাস

২০২৫

প্রকাশের তারিখ :- ৭ মে, ২০২৫



রবীন্দ্র এ্যাভিনিউ, মালদা -৭৩২১০১

গোড়বন্ড বিশ্ববিদ্যালয় অনুমোদিত

ন্যাক (NAAC) দ্বারা মূল্যায়িত বি+ (২০২১)

(ইউজিসি ২ এফ ও ১২ বি স্বীকৃত)

ওয়েবসাইট : [www.maldacollege.ac.in](http://www.maldacollege.ac.in)

## সূচি

ভর্তির জন্য কেন মালদা কলেজ?	2
গ্রাজুয়েশন কোর্স এর মূল বিষয়	3
মালদা কলেজের সুযোগ-সুবিধা সমূহ :	4
আবেদনের ন্যূনতম যোগ্যতা	7
NEP-2020 পাঠ্যক্রমের মুখ্য বৈশিষ্ট্য	7
Seat Capacity	8
বিগত বছরে বিভিন্ন বিষয়ে আবেদনকারীর সংখ্যা	9
বিভিন্ন বিষয়ে আবেদনের যোগ্যতা	10
ভর্তি বিষয়ক গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় প্রদত্ত যোগ্যতা ও নিয়মাবলী	12
4 Years UG Degree (Honours/ Honours with Research) জন্য বিষয় নির্বাচন	13
মাইনর ও অন্যান্য বিষয় নির্বাচন	13
NEP-2020 (Value Added Courses)	20
ভর্তি পরবর্তী ও কলেজ চলাকালীন কী কী করণীয়	21
ডকুমেন্ট ভেরিফিকেশন	21

## ভর্তির জন্য কেন মালদা কলেজ?

১৯৪৪ খ্রিষ্টাব্দে প্রতিষ্ঠিত মালদা কলেজ উত্তরবঙ্গের একটি অন্যতম বৃহৎ ও মালদা জেলার সর্ববৃহৎ কলেজ। গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় অধীনস্থ কলেজ গুলির মধ্যে ও প্রাচীন, বৃহত্তম ও অন্যতম কলেজ। ৮২ বছর বয়সী এই কলেজে ১৯ টি বিষয়ে **4-Year UG Degree (Honours / Honours with Research)** ও তিনটি বিষয়ে এম.এ পড়ানো হয়। ২০২০ সালের মার্চ থেকে কলেজ অনলাইনে পঠন-পাঠন, ছাত্র-ছাত্রীদের মানসিক একঘেয়েমি দূর করার জন্য মোটিভেশনাল অনুষ্ঠান, ডাক্তারদের নিয়ে অনুষ্ঠান, ওয়েবিনার প্রভৃতির ব্যবস্থা করেছে। তারই ফলস্বরূপ ২০২১ সালের এপ্রিল মাসে ন্যাকের মূল্যায়নে (দ্বিতীয় পর্যায়) কলেজ বি প্লাস গ্রেড অর্জন করেছে। কলেজের সাথে যুক্ত সমস্ত স্তরের মানুষের সমবেত প্রচেষ্টার দ্বারা এই কাজ সম্ভব হয়েছে। কলেজের এই গ্রেডকে আরও এগিয়ে নিয়ে যেতে সকলেই সর্বদা সচেষ্ট। এই কলেজের সফল প্রাক্তনীর সংখ্যা অগণ্য। দেশ-বিদেশের প্রায় সব ক্ষেত্রেই তারা প্রতিষ্ঠিত। কলেজের সর্বাঙ্গীন উন্নতি প্রক্রিয়ার সাথে তারা যুক্ত। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ অনুসারে [354-Edn(CS)/M-95/14 Dated: June 2, 2023] মালদা কলেজেও রাষ্ট্রীয় নতুন শিক্ষানীতির (NEP-2020) পদ্ধতি অনুসারে পঠনপাঠন শুরু হয়েছে।

- কলেজ সম্পর্কে বিশদে জানতে এখানে [ক্লিক করুন](#)।

## গ্রাজুয়েশন কোর্স এর মূল বিষয়

এখন গ্রাজুয়েশন কোর্স জাতীয় শিক্ষানীতি ২০২০ (NEP 2020) এর অনুসারে মোট চার বছরের পাঠ্যক্রম। গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়েও একই নীতি মেনে ভর্তি হয়। যারা গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে ভর্তি হওয়ার জন্য আবেদন করবে তারা নিচের বিষয়গুলি লক্ষ্য রাখবে:

- ১) গ্রাজুয়েশন কোর্সটি চার বছরের। প্রতি বছর দুটি করে সেমিস্টার অর্থাৎ মোট আটটি সেমিস্টার।
  - ২) প্রতি ছয় মাস পর পর সেমিস্টারের পরীক্ষা হবে।
  - ৩) এখন গ্রাজুয়েশনে অনার্স কোর্স ও পাস কোর্স বলে কোন বিষয় নেই। যেটি অনার্স হিসেবে আগে গ্রাহ্য হত এখন তাকে বলা হয় **Major Course**। এই মেজর কোর্সের সঙ্গে আরো অন্যান্য বিষয় পড়তে হয়। কোনোরকম পাস কোর্স এর ব্যাপার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে চালু নেই।
  - ৪) ছাত্রছাত্রীরা যে বিষয়গুলিতে গুরুত্ব দিতে চায় সেটাকেই মেজর হিসেবে ধরা হয় অর্থাৎ পুরনো অনার্সের বিষয়ের মতোই। মেজর হিসেবে যে বিষয়ে তারা নেবে তার জন্য তাদের নির্দিষ্ট কিছু যোগ্যতা রয়েছে।
  - ৫) সেন্ট্রাল এডমিশন পোর্টালের বিজ্ঞপ্তি অনুসারে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত কলেজগুলিতে সার্চ করলে ভর্তির যোগ্যতা জানা যাবে।
  - ৬) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে যে কোনো ভাষার বিষয় নিয়ে পড়তে গেলে সেই ভাষা অবশ্যই উচ্চমাধ্যমিকে পাঠ্য বিষয় হিসেবে থাকতে হবে ও তাতে পাস করতে হবে। বিজ্ঞানের বিষয়গুলিতেও ঠিক তাই, যে বিষয় নিয়ে মেজর পড়বে তাতে অবশ্যই উচ্চমাধ্যমিকে পাস করতে হবে। একই সাথে ইংরেজি বিষয়টিতেও পাস করা আবশ্যিক।
  - ৭) প্রথম সেমিস্টারে ছাত্রছাত্রীদের পড়তে হবে মোট সাতটি বিষয়:
    - i) ১ টি **Major ( Discipline Specific Course / Major Core /** আটটি সেমিস্টার পড়তে হবে)
    - ii) ১টি **Minor (Disciplinary Minor Course /** আটটি সেমিস্টার পড়তে হবে)
    - iii) ১টি **MDC (Multidisciplinary Course /** প্রথম ৩টি সেমিস্টার পড়তে হবে)
    - iv) ১টি **AEC (Ability Enhancement Course /** প্রথম ৪টি সেমিস্টার পড়তে হবে )
    - v) ১টি **SEC (Skill Enhancement Courses /** প্রথম ৩টি সেমিস্টার পড়তে হবে)
    - vi) ১টি **VAC (Value-Added Course /** প্রথম ৩টি সেমিস্টার পড়তে হবে)
    - vii) ১টি **IAPWC (Internship / Apprenticeship / Project / Workshop / Community Engagement /** প্রথম ৩টি সেমিস্টার পড়তে হবে)
- ছাত্রছাত্রীরা বিষয়গুলি ভালো করে বুঝে নিয়ে নিজেরা নিজেদের মতো বিষয় পছন্দ করবে। একবার বিষয় পছন্দ করে নিলে পরে আর বিষয় পরিবর্তন করা যায় না। তাই প্রতিটি কলেজের ওয়েবসাইটে তাদের বিষয়গুলি বিশেষত **Major, Minor, MDC, VEC** বিষয়গুলি কী কী আছে তা দেওয়া থাকবে। সেই বিষয়গুলি অবশ্যই নিজেরা আগে থেকে দেখে নিয়ে ভর্তির \*\*\*\*সময় সেভাবে পছন্দ করবে।

\*\*\*\* অনলাইন পোর্টালে বিষয় পছন্দ করে ভর্তি হবার পর কলেজে পড়ানো হয় এমন বিষয়গুলির মধ্য থেকে **Minor, MDC** বিষয় বেছে নিতে হবে কলেজে উপলব্ধ সিট সংখ্যা অনুযায়ী। অনলাইন পোর্টালে নির্দিষ্ট করা **Minor, MDC** বিষয়গুলি চূড়ান্ত নাও হতে পারে।

## মালদা কলেজের সুযোগ-সুবিধা সমূহ :

শিক্ষাদান ও শিক্ষা গ্রহণ (একাডেমিক) জনিত সুবিধা:

- ❖ ক্লাস শুরুর আগে ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন ও মোটিভেশনাল প্রোগ্রাম
- ❖ অফলাইন / অনলাইন ক্লাস
- ❖ অভিভাবকদের সাথে মিটিং
- ❖ মোটিভেশনাল ক্লাস
- ❖ অফলাইন ও অনলাইন পরীক্ষা ও মূল্যায়ন
- ❖ অনলাইন লাইব্রেরী ব্যবহার
- ❖ ওয়াইফাই যুক্ত সুসজ্জিত ওপেন এক্সেস লাইব্রেরী ([লাইব্রেরী সম্পর্কে জানতে ক্লিক করুন](#))
- ❖ ওয়াইফাই যুক্ত কলেজ ক্যাম্পাস
- ❖ কলেজ ও বিভাগীয় ওয়েবসাইটে অনলাইন মোটোরিয়াল প্রদান
- ❖ ছাত্রদের দ্বারা সেমিনার, দলগত আলোচনা ও বিশেষ বক্তৃতামালা
- ❖ কলেজের অন্যান্য বিভাগ ও অন্য কলেজের অধ্যাপকদের দ্বারা ক্লাস
- ❖ সফল প্রাক্তনীদের দ্বারা ক্লাস
- ❖ NCC ও NSS এ যোগদানের সুযোগ
- ❖ বাৎসরিক মডেল প্রদর্শনী ও প্রতিযোগিতা
- ❖ বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা
- ❖ কেরিয়ার কাউন্সেলিং এর ব্যবস্থা
- ❖ প্লেসমেন্ট সেল
- ❖ আলোচনা সভা / কর্মশালা / সম্মেলন
- ❖ কলেজের নিজস্ব জার্নাল
- ❖ ছাত্র-ছাত্রীদের দেয়াল পত্রিকা

- ❖ ছাত্র সংসদের বাৎসরিক পত্রিকা
- ❖ এ্যাড অন কোর্স ও সার্টিফিকেট কোর্স
- ❖ যোগাসনের জন্য যোগবন্ধু শিবির
- ❖ GREEN VILLAGE প্রোজেক্ট এ অংশগ্রহণের সুযোগ
- ❖ Extension Activities

#### ডিজিটাল সুবিধা:

- কলেজের সুসজ্জিত ও সুন্দর ব্যবস্থাপনা যুক্ত ওয়েবসাইট
- কলেজের ছাত্র-ছাত্রী ও অভিভাবকসহ সকলের ব্যবহার্য ই.আর.পি সিস্টেম (MC ERP তে লগ-ইন এর দ্বারা কলেজ সম্পর্কিত কাজের ব্যবস্থা)
- ১৮ টি ICT উপযোগী ক্লাসরুম
- সম্পূর্ণ অনলাইন ব্যবস্থার মাধ্যমে ভর্তি টাকা জমা করার ব্যবস্থা
- প্রত্যেক [বিভাগের নিজস্ব ওয়েবসাইট](#) (বিভাগ সম্পর্কে জানতে ক্লিক করুন)
- অধ্যাপক অধ্যাপিকার নিজস্ব ওয়েবসাইট
- প্রতিটি বিভাগের প্রতিটি সেমিস্টারের আলাদা আলাদা গুগল ক্লাসরুম
- কলেজের নিজস্ব অ্যাপ (গুগল প্লে স্টোর থেকে ডাউনলোড করা যায়)
- mcerp -এর মাধ্যমে কলেজের পেমেন্ট
- অনলাইন ডায়নামিক নোটিশ
- অনলাইন ডায়নামিক একাডেমিক ক্যালেন্ডার
- অনলাইন ক্লাস রুটিন
- অনলাইন অ্যাটেনডেন্স
- ছাত্র-ছাত্রীদের প্রতিদিনের অ্যাটেনডেন্স দেখার সুব্যবস্থা
- অনলাইন পরীক্ষার ফলাফল
- অনলাইন ফিডব্যাক
- অনলাইন ক্লাসের ব্যবস্থা
- অনলাইন অভিযোগ ও মতামত প্রদান
- অনলাইনে অভিভাবকদের ফিডব্যাক, অভিযোগ ও মতামত প্রদান
- ছাত্র-ছাত্রীদের ই-মেইলের মাধ্যমে নোটিশ পাঠানোর ব্যবস্থা
- কলেজের প্রোফাইল ভিডিও
- কলেজে নিজস্ব ইউটিউব চ্যানেলে কলেজের শিক্ষামূলক অনুষ্ঠান গুলি সরাসরি সম্প্রচার ও যে কোন সময় দেখার সুবিধা

#### পরিকাঠামোগত সুবিধা :

- ৫২ বিঘা আয়তনের সবুজে ভরা কলেজ ক্যাম্পাস
- সিসিটিভি দ্বারা নজরদারির ব্যবস্থা
- ছাত্রদের জন্য দু'টি ও ছাত্রীদের একটি হোস্টেল

- দুটি আধুনিক মানের অডিটোরিয়াম (দুর্গাকিঙ্কর সদন ১০৫০ আসন ও সানাউল্লাহ মঞ্চ ৩০০ আসন )
- সুসজ্জিত সেমিনার গ্যালারি (সায়েন্স থিয়েটার)
- বয়েজ কমনরুম
- ক্যান্টিন
- তিনটি স্মার্ট ক্লাসরুম
- উন্নত ও সুসজ্জিত তিনটি কম্পিউটার ল্যাবরেটরি
- আর ও মেশিন যুক্ত পানীয় জলের ব্যবস্থা
- মুক্তমঞ্চ
- গার্লস কমনরুমে ভেডিং মেশিন
- কলেজের একটি সুন্দর বৃহৎ পুকুর
- আধুনিক মানের যন্ত্রপাতি সুসজ্জিত জিমনাসিয়াম
- নৈশালোকের ব্যবস্থাসহ একটি বড় খেলার মাঠ

#### অন্যান্য পরিষেবা :

- ★ এন সি সি ও এন এস এস ইউনিট (NCC & NSS)
- ★ বিভিন্ন ধরনের স্কলারশিপ
- ★ অধ্যক্ষ কর্তৃক ছাত্র-ছাত্রীদের সাথে সাক্ষাৎ
- ★ ছাত্র-ছাত্রীদের সাথে আইকিউ এসির (IQAC) সদস্যদের সাক্ষাৎ
- ★ মেন্টরিং এর ব্যবস্থা
- ★ প্রতি বিভাগের জন্য ইন্টার্নাল ও এক্সটার্নাল মেন্টর
- ★ ইনডোর ও আউটডোর খেলাধুলা
- ★ এক্সটেনশন প্রোগ্রাম
- ★ সাংস্কৃতিক অনুষ্ঠান
- ★ মিউজিক থেরাপি
- ★ ইন্ডিয়ান ফিল্ম সোসাইটির সদস্য পদ
- ★ মোটিভেশনাল ক্লাস
- ★ অভিভাবকদের নিয়ে মিটিং
- ★ প্রাক্তন ছাত্র-ছাত্রীদের রেজিস্টার্ড সমিতি
- ★ অভিভাবকদের সমিতি
- ★ প্রতিবছর বিভাগে বিশ্ববিদ্যালয়ের ফাইনাল পরীক্ষায় কলেজের প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে বিশেষ পুরস্কার

৭৫% বা তার বেশি কলেজে উপস্থিত থাকা ছাত্র-ছাত্রীদের বিশেষ ব্যবস্থা :

- বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষায় প্রতি পেপারে ৪ মার্কস
- দরিদ্র মেধাবী ছাত্র ছাত্রীদের জন্য কলেজ স্কলারশিপ
- কলেজের ক্লাসে সর্বোচ্চ উপস্থিতির জন্য পুরস্কার
- অ্যাড-অন কোর্সে ভর্তির সুবিধা
- লাইব্রেরিতে সবচেয়ে বেশি উপস্থিতির জন্য পুরস্কার

**ভর্তি প্রক্রিয়া উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের Central Admission Portal এর মাধ্যমে হবে। সরাসরি লিঙ্কে যেতে ক্লিক করুন <https://wbcap.in/>.**

### আবেদনের ন্যূনতম যোগ্যতা

**4-Year UG Degree (Honours / Honours with Research) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা, মেরিট পয়েন্ট ক্যালকুলেশন, সিট সংখ্যা ও কোর্স ফি জানার জন্য ক্লিক করুন - <https://wbcap.in/>.**

### পাঠ্যক্রম সংক্রান্ত নির্দেশিকা

- রাষ্ট্রীয় নতুন শিক্ষানীতির (NEP-2020) পদ্ধতি অনুসারে চার বছরের পাঠ্যক্রম ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে শুরু হয়েছে।



## NEP-2020 পাঠক্রমের মুখ্য বৈশিষ্ট্য

- এই পাঠক্রম চার বছরের হলেও প্রথম তিন বছর সকল ছাত্রছাত্রীকে একই পাঠ্যসূচি পড়তে হবে।
- তৃতীয় বছরের শেষে পরীক্ষায় বিশ্ববিদ্যালয় নির্দিষ্ট নম্বর পেলে চতুর্থ বছরে অনার্স বা অনার্স সহ গবেষণা নির্দিষ্ট হবে।
- কোনো ছাত্রছাত্রী যদি প্রথম বছরের পর পড়া শেষ করতে চায়, তবে তাকে দ্বিতীয় সেমিস্টারের শুরুতে কলেজকে জানাতে হবে ও Internship সম্পূর্ণ করার পর প্রথম বছরের শেষে বিশ্ববিদ্যালয় Certificate প্রদান করবে।
- দ্বিতীয় বছরের পর পড়া শেষ করতে চায়, তবে তাকে চতুর্থ সেমিস্টারের শুরুতে কলেজকে জানাতে হবে ও Internship সম্পূর্ণ করার পর দ্বিতীয় বছরের শেষে বিশ্ববিদ্যালয় Diploma প্রদান করবে।
- তৃতীয় বছরের পর পড়া শেষ করতে চায়, তবে তাকে ষষ্ঠ সেমিস্টারের শুরুতে কলেজকে জানাতে হবে ও পাঠক্রম সম্পূর্ণ করার পর তৃতীয় বছরের শেষে বিশ্ববিদ্যালয় Undergraduate Degree প্রদান করবে।
- চার বছরের শেষে অনার্স বা অনার্সসহ গবেষণা [4-Year UG Degree (Honours / Honours with Research)] ডিগ্রি বিশ্ববিদ্যালয় প্রদান করবে।

এই পাঠক্রমে পাঠগ্রহণকারী পুড়্যাদের নিচের বিষয়গুলি পড়তে হবে:

- ক) Major Core (Discipline Specific Course) Courses,
- খ) Minor Core (Disciplinary Minor Course) Courses,
- গ) Multidisciplinary Course (MDC) Courses,
- ঘ) Skill Enhancement Courses (SEC),
- ঙ) Ability Enhancement Compulsory (AEC) Courses,
- চ) Value addition Courses (VAC),
- ছ) Internship/Apprenticeship / Project / Community Outreach Courses

- চয়েস বেসড ক্রেডিট সিস্টেম (CBCS) ও সেমিস্টার সিস্টেম এ (Semester System) চার বছরের জন্য আটটি সেমিস্টার এ নির্দিষ্ট ক্রেডিট পয়েন্ট পেতে হবে। একজন পুড়্যা নির্দিষ্ট সমস্ত শর্ত পূরণ করলে চতুর্থ বছরে গবেষণার বিষয় নির্বাচন করতে পারবে [4-Year UG Degree (Honours / Honours



**with Research)** কোর্সের জন্য ছাত্ররা প্রথম ছয়টি সেমিস্টারে নির্দিষ্ট শতাংশ বা তার বেশি নম্বর অর্জন করবে এবং স্নাতক স্তরে গবেষণা করতে চায় তারা চতুর্থ বছরে একটি গবেষণা স্ক্রিম বেছে নিতে পারবে। ]

- একবার প্রোগ্রাম (B.A./B.Sc./B.Com.) নির্দিষ্ট করার পর প্রোগ্রাম পরিবর্তন করা যাবে না।
- ভর্তি হবার পর নির্দিষ্ট পোর্টালে অ্যাকাডেমিক ক্রেডিট ব্যাঙ্কের জন্য **[Academic Bank of Credits (ABC) through <http://www.abc.gov.in>** রেজিস্ট্রেশন করতে হবে।

## **Seat Capacity**

### **4 Year UG Degree (Honours/Honours with Research)**

<b>Subject</b>	<b>Total (Major)</b>
<b>Bengali</b>	<b>300</b>
<b>Arabic</b>	<b>80</b>
<b>Sanskrit</b>	<b>200</b>
<b>English</b>	<b>300</b>
<b>Economics</b>	<b>110</b>
<b>Education</b>	<b>200</b>
<b>Sociology</b>	<b>200</b>
<b>History</b>	<b>350</b>
<b>Political Science</b>	<b>330</b>
<b>Philosophy</b>	<b>300</b>
<b>Chemistry</b>	<b>55</b>
<b>Botany</b>	<b>55</b>

Computer Science	50
Mathematics	125
Physics	55
Zoology	55
BCA	50
Geography	55
Commerce	110

### বিগত বছরে বিভিন্ন বিষয়ে আবেদনকারীর সংখ্যা

Subjects	Number of Applicants 2019-20	Number of Applicants 2020-21	Number of Applicants 2021-22	Number of Applicants 2022-23	Number of Applicants 2023-24	Number of Applicants 2024-25
ARABIC	93	278	302	191	197	587
BENGALI	1285	2074	2406	2311	1639	8228
ENGLISH	1362	2239	2556	3183	3191	6632
EDUCATION	821	2227	2584	2723	2254	10412
ECONOMICS	59	129	151	106	107	294
GEOGRAPHY	801	1438	1444	1918	1099	1252
HISTORY	563	1355	1858	2056	1754	8560
PHILOSOPHY	297	521	758	808	823	3872
POLITICAL SCIENCE	489	1098	1884	2125	2197	9583
SANSKRIT	671	922	823	1014	434	2011
SOCIOLOGY	181	457	829	791	783	5212
ACCOUNTING	63	129	276	124	133	351
BOTANY	405	1043	1625	1589	1853	5543
CHEMISTRY	342	1083	1586	1311	1139	3289
COMPUTER SCIENCE	90	289	381	343	448	1411
MATHEMATICS	725	809	1317	1072	1095	2375

PHYSICS	341	1064	1477	678	751	2111
ZOOLOGY	788	1693	2564	2421	2630	7155
BCA	85	177	276	255	381	566
B.A (GENERAL)	4425	8194	11828	10789	11996	NA
B.COM (GENERAL)	39	95	161	115	213	NA
B.SC (GENERAL)	717	1553	2849	2850	4074	NA
Total	14642	28867	39799	38773	39191	79444

**বিভিন্ন বিষয়ে আবেদনের যোগ্যতা**  
**[ 4 Years UG Degree (Honours/ Honours with Research)]**

MAJOR SUBJECTS	SUBJECT PASSED IN HS / EQUIVALENT
ARABIC	Arabic
BENGALI	Bengali
ENGLISH	English
EDUCATION	Education or any subjects
ECONOMICS	Economics / Mathematics/ Business Economics including Business Mathematics
HISTORY	History or any subjects
PHILOSOPHY	Philosophy or any subjects
POLITICAL SCIENCE	Political Science or any subjects
SANSKRIT	Sanskrit
SOCIOLOGY	Sociology or any subjects
GEOGRAPHY	Geography
BOTANY	Biological science/ Biotechnology / Botany
CHEMISTRY	Chemistry, Physics & Mathematics
MATHEMATICS	Mathematics

PHYSICS	Physics, Mathematics & Chemistry
ZOOLOGY	Biological science/ Biotechnology / Botany
COMPUTER SCIENCE	Mathematics & any one of Physics/ Statistics/ Computer Science
COMMERCE	Accounting/Commerce or equivalent
BCA Honours	Mathematics / Physics/Computer Application/Statistics/Commerce/IT Practice

**বাৎসরিক কোর্স ফি যা ভর্তির সময় দিতে হয়**

Sl No	Course	1st Yr Total ( including Unv. Reg. Fees)
1	B.A 4 Year UG Degree (Honours/Honours with Research)	4090
2	B.SC 4 Year UG Degree (Honours/Honours with Research) in Geography	5710
3	B.A 4 Year UG Degree (Honours/Honours with Research) with Geography Minor	4590
4	B.Sc 4 Year UG Degree (Honours/Honours with Research) with Geography Minor	4590
5	B.A 4 Year UG Degree (Honours/Honours with Research) in Sociology and Education	4090
6	B.Com. 4 Year UG Degree (Honours/Honours with Research)	4210
7	B.Sc. 4 Year UG Degree (Honours/Honours with Research)	5710
8	B.Sc. 4 Year UG Degree (Honours/Honours with Research) Comp. Science <b>(Self Finance)</b>	14740
9	B.Sc. 4 Year UG Degree (Honours/Honours with Research) BCA Hons <b>(Self Finance)</b>	22240

**\*\* ২য়, ৩য় ও ৪র্থ বছরে বিষয় আনুসারে কোর্স ফি পরিবর্তিত হতে পারে। এছাড়াও প্রতি সেমিস্টারের শেষে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফর্ম ফিলাপের সময় গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি জমা করতে হবে।**

## **ভর্তি বিষয়ক গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় প্রদত্ত যোগ্যতা ও নিয়মাবলী**

- ১। উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ইংরেজিসহ (১০০ নম্বর পড়তে হবে) মোট চারটি বিষয়ে অবশ্যই পাস করতে হবে।
- ২। ভর্তির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত সর্বোৎকৃষ্ট চারটি বিষয়ের নম্বর বিচার্য হবে তার মধ্যে একটি অবশ্যই ইংরেজি।
- ৩। আগের দুটি শিক্ষাবর্ষে অর্থাৎ ২০২৩ ও ২০২৪ সালে পাশ করলেও ভর্তির সুযোগ পাবে।
- ৪। তপশিলী জাতি ও তাপশিলী উপজাতির প্রার্থীরা নিয়মানুসারে ৫% ছাড় পাবে।
- ৫। কেবলমাত্র বিভিন্ন রাজ্য বা কেন্দ্রীয় বোর্ডের ছাত্র-ছাত্রীরা উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাস করলে **4 Years UG Degree (Honours/ Honours with Research)** কোর্সে ভর্তির সুযোগ পাবে।  
**পশ্চিমবঙ্গ (ওয়েস্ট বেঙ্গল কাউন্সিলর অফ হায়ার সেকেন্ডারি এডুকেশন) ছাড়া অন্যান্য বোর্ডের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ভর্তির সময় মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।**
- ৬। ভর্তি প্রক্রিয়া চলাকালীন ছাত্র-ছাত্রীদের কোনোভাবেই কলেজে আসা যাবেনা।

## **4 Years UG Degree (Honours/ Honours with Research) জন্য বিষয় নির্বাচন**

## মাইনর ও অন্যান্য বিষয় নির্বাচন

Central Admission Portal এ ভর্তি হবার সময় মাইনর (Minor) বিষয় নির্বাচন করলেও কলেজের উপলব্ধ আসন অনুসারে ছাত্রছাত্রীদের মাইনর (Minor), MDC ও VAC বিষয় নির্বাচিত হবে কলেজে। Minor, MDC ও VAC এর বিষয় ও নির্বাচন করতে হবে নিচের তালিকা থেকে।

	SUBJECT COMBINATION FOR DEGREE COURSE		
	4-Year UG Degree (Honours / Honours with Research)		
Sl No.	BA (Only one subject from each column) (Same subject can not be chosen from Minor & MDC Columns)		
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
1	Arabic	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
		Political Science	Political Science

2	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
	SANSKRIT	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sociology	Sociology
		English	English
		Political Science	Political Science
3	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
	SOCIOLOGY	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit



		English	English
		Political Science	Political Science
	<b>SUBJECT-1 (Major)</b>	<b>SUBJECT-2 (Minor)</b>	<b>SUBJECT-3 (MDC)</b>
4	<b>POLITICAL SCIENCE</b>	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	<b>SUBJECT-1 (Major)</b>	<b>SUBJECT-2 (Minor)</b>	<b>SUBJECT-3 (MDC)</b>
5	<b>ENGLISH</b>	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics

		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		Political Science	Political Science
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor )	SUBJECT-3 (MDC )
6	ECONOMICS	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Political Science	Political Science
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
7	HISTORY	Political Science	Political Science
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy

		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
8	BENGALI	History	History
		Political Science	Political Science
		Education	Education
		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
9	EDUCATION	History	History
		Bengali	Bengali
		Political Science	Political Science

		Philosophy	Philosophy
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	<b>SUBJECT-1 (Major)</b>	<b>SUBJECT-2 (Minor)</b>	<b>SUBJECT-3 (MDC)</b>
10	<b>PHILOSOPHY</b>	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Political Science	Political Science
		Geography	Geography
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	<b>BSc. (Only one subject from each column) (Same subject can not be chosen from Minor &amp; MDC Columns)</b>		
	<b>SUBJECT-1 (Major)</b>	<b>SUBJECT-2 (Minor)</b>	<b>SUBJECT-3 (MDC)</b>

11	GEOGRAPHY	History	History
		Bengali	Bengali
		Education	Education
		Philosophy	Philosophy
		Political Science	Political Science
		Economics	Economics
		Arabic	Arabic
		Sanskrit	Sanskrit
		Sociology	Sociology
		English	English
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
12	Chemistry	Physics	Physics
		Mathematics	Mathematics
13	Botany	Zoology	Zoology
		Chemistry	Chemistry
14	Mathematics	Chemistry	Chemistry
		Physics	Physics
15	Physics	Chemistry	Chemistry
		Mathematics	Mathematics
16	Zoology	Botany	Botany
		Chemistry	Chemistry

17	Computer Science	Physics	Physics
		Mathematics	Mathematics
18	BCA (Hons)	Physics	Physics
		Mathematics	Mathematics
	BCOM (Only one subject from each column)		
	SUBJECT-1 (Major)	SUBJECT-2 (Minor)	SUBJECT-3 (MDC)
19	Commerce	As per UGB Guideline	As per UGB Guideline

## NEP-2020 (Value Added Courses)

**কলেজে উপলব্ধ VAC Course for I, II & IV Semester**

(II & IV সেমিস্টারের জন্য ১টি করে নির্বাচন করতে হবে)

Semester	Course Code	Course Name
I	VAC 1.1	Environmental Studies
II	VAC 2.1	Business Communication
	VAC 2.2	Constitutional Law and Governance
	VAC 2.5	India and It's Culture-I
IV	VAC 4.1	Investment Planning and Avenues
	VAC 4.2	Information Literacy and Research Skills
	VAC 4.4	India and It's Culture-II

**ভর্তি পরবর্তী ও কলেজ চলাকালীন কী কী করণীয়**

১। ভর্তি হবার পর নির্দিষ্ট দিনে নোটিশ অনুযায়ী কলেজের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপস্থিত থাকতে হবে। ক্লাস শুরুর পর নির্ধারিত তারিখে কলেজে এসে সমস্ত প্রকার আসল তথ্য (ডকুমেন্ট) ভেরিফিকেশন করাতে হবে।

## ডকুমেন্ট ভেরিফিকেশন

উচ্চশিক্ষা দপ্তর নির্ধারিত নির্দিষ্ট তারিখের মধ্যে ডকুমেন্ট ভেরিফিকেশন না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। সে সময় নিচের তথ্য গুলি দাখিল করতে হবে:

❖ ভর্তি হওয়া বিষয়ের পূরণ করা ফর্মের ডাউনলোড কপি (২ টি)

এবং যে সকল তথ্যের আপন প্রত্যয়িত নকল (সেক্ষ অ্যাটেস্টেড জেরক্স কপি) দিতে হবে ও অরিজিনাল কপি সঙ্গে আনতে হবে

❖ উচ্চমাধ্যমিক পরীক্ষার মার্কশীট

❖ মাধ্যমিকের এ্যাডমিট

❖ কাস্ট সার্টিফিকেট (যদি থাকে)

❖ শারীরিক অক্ষমতার সার্টিফিকেট (যদি থাকে)

❖ স্কুল লিভিং সার্টিফিকেট

❖ মাইগ্রেশন সার্টিফিকেট (যেখানে প্রযোজ্য)

❖ আধার কার্ড

❖ অর্থনৈতিক পশ্চাৎপদতার শংসাপত্র (অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর সংশা পত্র দিতে হবে, যেখানে প্রযোজ্য)

❖ নির্দিষ্ট বিষয়ে ভর্তির পেমেন্ট স্লিপ ও অ্যাকনলেজমেন্ট স্লিপ

❖ স্টুডেন্ট আই ডি (পশ্চিমবঙ্গের উচ্চমাধ্যমিকের স্কুল লিভিং সার্টিফিকেটে থাকা ১৪টি সংখ্যা, যার আছে)

(উচ্চ মাধ্যমিক পরীক্ষার আসল মার্কশিট ল্যামিনেশন করা থাকলে তা কেটে আনতে হবে)

তপশিলী জাতি / উপজাতি প্রার্থীদের নিজস্ব শংসাপত্র না থাকলে কেবলমাত্র মহকুমা শাসকের শংসাপত্র গ্রাহ্য হবে। তবে

এরূপ শংসাপত্র শুধুমাত্র ভর্তির জন্য গ্রাহ্য হবে।

❖ ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় তথ্যগত কোনো অসঙ্গতি / ত্রুটি বা তথ্য

গরমিল থাকলে ছাত্র বা ছাত্রীর ভর্তি বাতিল বলে গণ্য হতে পারে।

২। ডকুমেন্ট ভেরিফিকেশনের পর একটি অ্যাকনলেজমেন্ট স্লিপ ছাত্রছাত্রীদের মেলে পৌঁছে যাবে।



## ভর্তির পর ছাত্রছাত্রীদের করণীয় কাজগুলি এক নজরে দেখতে ক্লিক করো

- ৩। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নতুন ক্লাস শুরু হবার পর কোন ছাত্র-ছাত্রী প্রথম পনেরো দিনে ক্লাসে ৭৫% উপস্থিতি না থাকলে তার নাম বাতিল বলে গণ্য করা হবে। খালি ওই আসনগুলি দ্বিতীয় ই-কাউন্সেলিং এ পূর্ণ করা হবে কলেজ ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে। (যদি ভর্তির তারিখ অবশিষ্ট থাকে)
- ৪। কলেজে চারটি ছাত্রাবাস (হোস্টেল) আছে। দুটি সকল ছাত্রের জন্য, একটি শুধুমাত্র তপশিলী জাতি ও উপজাতির ছাত্রদের জন্য এবং ছাত্রীদের জন্য একটি ছাত্রী নিবাস আছে।
- ৫। যেকোনো ভর্তি অস্থায়ী (প্রবিশনাল) বিবেচিত হবে।
- ৬। কলেজের বিভিন্ন বিভাগ সম্পর্কে জানতে হলে কলেজ ওয়েবসাইটে [প্রোগ্রাম এন্ড কোর্স](#) (বা এখানে ক্লিক করুন) বাটনে ক্লিক করে বিভাগগুলির নির্দিষ্ট তথ্য জেনে নেওয়া যাবে। কিংবা [বিভাগের ওয়েবসাইটে](#) (এখানে ক্লিক করুন) গিয়ে বিভাগ সম্পর্কে জানা যাবে।
- ৭। ছাত্র-ছাত্রীদের নিজস্ব ব্যবহারযোগ্য মোবাইল নম্বর ও আইডি থাকা আবশ্যিক। ভর্তি সংক্রান্ত ইউজার আইডি ও কাউন্সেলিং সংক্রান্ত যাবতীয় খবরাখবর ই-মেইলের মাধ্যমে পৌঁছবে। ভর্তির পরবর্তী সময়ে কলেজের টাকা জমা দেওয়া প্রভৃতি ক্ষেত্রে এই ইউজার আইডি (কলেজ আইডি) ও পাসওয়ার্ড যা ভর্তির সময় তৈরি হয়েছিল তার দ্বারাই সম্ভব হবে।
- ৮। ছাত্র-ছাত্রীদের র‍্যাগিং এর ক্ষেত্রে কলেজের anti-ragging সেল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমরা সর্বদাই র‍্যাগিং থেকে বিরত থাকতে চাই। প্রত্যেক ছাত্র-ছাত্রী ও তার অভিভাবকগণ ভর্তি প্রক্রিয়ার পর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (UGC) এর ওয়েবসাইটে সুপ্রিম কোর্টের নির্দেশে অনলাইন অ্যান্টি-র‍্যাগিং আন্ডারটেকিং (Online Anti ragging undertaking Form) ফর্ম অবশ্যই ফিলাপ করবেন। কিভাবে ফিলাপ করতে হবে তার নির্দেশিকা ওয়েবসাইটে দেওয়া আছে।
- ৯। লিখিত প্রয়োজনীয় অনুমতি ব্যতিরেকে কলেজের কোন পরীক্ষায় অনুপস্থিত থাকা বিধি লঙ্ঘন বলে গণ্য হবে ও তার জন্য কলেজ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।
- ১০। কলেজের প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিয়মিত যথাসময়ে কলেজে উপস্থিত অবশ্য জরুরি। একজন ছাত্র বা ছাত্রী কলেজের কোন ক্লাসে ৭৫ শতাংশের কম উপস্থিত থাকলে ওই ছাত্র বা ছাত্রী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার জন্য উপস্থিতি জনিত কোন নম্বর পাবে না।
- ১১। প্রত্যেক ছাত্র-ছাত্রী নিজের ক্লাসে নির্দিষ্ট সময়ে যাবে অন্যদের ক্লাসের কোন রকম অসুবিধা সৃষ্টি না করে। কোন ছাত্র ছাত্রীর করিডোরে অযথা ঘোরাঘুরি করা অনাবশ্যিক।
- ১২। কোন ছাত্র-ছাত্রীর কুরুচিপূর্ণ বা অনৈতিক ক্রিয়া-কলাপ বরদাস্ত করা হবে না।
- ১৩। ছাত্র-ছাত্রীরা কলেজ প্রাঙ্গণের ভেতরে বা বাইরে অবশ্যই বিধি ও শৃঙ্খলা বজায় রাখবে। এর অন্যথা হলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।
- ১৪। কলেজ ভবন ও ব্রেক্সে কিছু লেখা ও কোন কিছু ক্ষতি করা এবং অযথা কলেজ প্রাঙ্গণে ঘোরাঘুরি নিন্দনীয় ও শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

১৫। প্রতিনিয়ত কলেজের নোটিশ বোর্ড বা কলেজের ওয়েবসাইটে ও মালদা কলেজ অ্যাপ এ নোটিশ অংশ দেখতে হবে গুরুত্বপূর্ণ ঘোষণা সমূহের জন্য।

১৬। কলেজ প্রাঙ্গণে মধ্যে সর্বদা আইডেন্টিটি কার্ড গলায় রাখতে হবে। আইডেন্টিটি কার্ড ছাড়া কলেজ প্রাঙ্গণে প্রবেশ করা যাবে না।

১৭। ছাত্র-ছাত্রীরা বহিরাগত কাউকে বা কোন ছাত্র সংগঠনের সদস্যকে অধ্যক্ষের অনুমতি ব্যতিরেকে কলেজ প্রাঙ্গণে আনতে পারবে না।

১৮। কলেজ প্রাঙ্গণের প্রবেশপথ বা অন্যত্র কোন স্থানে অযথা জটলা করে অন্যান্যদের যাতায়াতের অসুবিধা সৃষ্টি করবে না।

১৯। কলেজ প্রাঙ্গণে পরিচ্ছন্নতা রক্ষা ছাত্র-ছাত্রীদের একান্ত আবশ্যিক কর্তব্য।

২০। কলেজের গাছপালার রক্ষণাবেক্ষণের দায়িত্ব ছাত্র-ছাত্রীদের গ্রহণ করতে হবে কলেজের সবুজ পরিবেশ রক্ষার দায়িত্ব সকলের।

২১। কলেজের ক্লাস রুম থেকে বেরিয়ে আসার সময় লাইট ও ফ্যানের সুইচ বন্ধ করতে হবে।

২২। ছাত্র-ছাত্রীরা র‍্যাগিংকে প্রশ্রয় দেবে না, এটি একটি কঠোর শাস্তি যোগ্য অপরাধ।

২৩। কলেজে ভর্তির পর কলেজ ছাত্রের প্রমাণ স্বরূপ অধ্যক্ষের স্বাক্ষর করা আইডেন্টিটি কার্ড ছাত্রছাত্রীরা পাবে এই কার্ড পাওয়ার আগে পর্যন্ত ডকুমেন্ট ভেরিফিকেশনের একনলেজমেন্ট স্লিপের সাথে থাকা আইডেন্টিটি কার্ড প্রত্যহ কলেজে আসার সময় সঙ্গে রাখতে হবে ও প্রয়োজনে তা গার্ডকে দেখাতে হবে।

২৪। আইডেন্টিটি কার্ড হারিয়ে গেলে তৎক্ষণাৎ কলেজের অফিসে (১০৬ নম্বর ঘরে) লিখিতভাবে জানাতে হবে ও প্রয়োজনীয় ফি দিয়ে পুনরায় তা সংগ্রহ করতে হবে।

২৫। কলেজ থেকে ট্রান্সফার বা অন্য কোন কারণে কলেজ ছেড়ে দিলে আইডেন্টিটি কার্ড কলেজ অফিসে জমা করতে হবে।

২৬। মালদা কলেজ প্লাসটিক বর্জিত। এই ধারা বজায় রেখে কলেজের সবুজকে রক্ষা করতে হবে।

২৭। কলেজের ওয়েবসাইটে স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস অংশে তোমাদের জন্য অনেকগুলি ফিডব্যাক ফর্ম আছে সেগুলি যথাযথভাবে পূরণ করতে হবে।

২৮। ভর্তি হবার পর বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট পোর্টালে অ্যাকাডেমিক ক্রেডিট ব্যাঙ্কের জন্য **[Academic Bank of Credits (ABC) through <http://www.abc.gov.in>]** রেজিস্ট্রেশন করতে হবে।

\*\*\* বি. দ্র. ছাত্রছাত্রীদের সুবিধার জন্য ইংরেজি প্রসপেক্টাস থেকে গুরুত্বপূর্ণ বিষয়গুলি সংক্ষেপিত আকারে বাংলায় প্রকাশ করা হল। কোথাও কোনো সংশয় হলে **ইংরেজি প্রসপেক্টাস এর বিষয়টিকে চূড়ান্ত বলে গণ্য করা হবে।** কলেজ সংক্রান্ত আরও বিস্তারিত তথ্য জানার জন্য ইংরেজি প্রসপেক্টাস দেখতে [ক্লিক করুন](#)।

\*\*\*\*\*

প্রকাশের তারিখ: 7th May, 2025